

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৪৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. তৃতীয় অনুচ্ছেদ - মসজিদ ও সালাতের স্থান

আরবী

وَعَنِ السَّائِبِ بْنِ يَزِيدَ قَالَ: كُنْتُ نَائِمًا فِي الْمَسْجِد فحصبني رجل فَنَظَرت فَإِذا عُمَنُ بْنُ الْخَطَّابِ فَقَالَ اذْهَبْ فَأْتِنِي بِهَذَيْنِ فَجِئْتُهُ بِهِمَا فَقَالَ: مِمَّنْ أَنْتُمَا أَوْ مِنْ أَيْنَ أَنْتُمَا قَالَا: مِنْ أَهْلِ الطَّائِفِ. قَالَ: لَوْ كُنْتُمَا مِنْ أَهْلِ الْمَدِينَةِ لَأَوْجَعْتُكُمَا تَرْفَعَانِ أَصْوَاتَكُمَا فِي مَسْجِدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ. رَوَاهُ البُخَارِيِّ

বাংলা

৭৪৪-[৫৬] সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, একদা আমি মসজিদে শুয়ে আছি, এমন সময় আমাকে একজন লোক কংকর মারলো। আমি জেগে উঠে দেখি তিনি 'উমার ইবনুল খাত্ত্বাব (রাঃ)। তিনি আমাকে বললেন, যাও- ঐ দু ব্যক্তিকে আমার নিকট নিয়ে আসো। আমি তাদেরকে নিয়ে আসলাম। তিনি তাদের জিজেস করলেন, তোমরা কোন গোত্রের বা কোথাকার লোক? তারা বলল, আমরা ত্বায়িফের লোক। 'উমার (রাঃ) বললেন, যদি তোমরা মদীনার লোক হতে তাহলে আমি তোমাদেরকে নিশ্চয় কঠিন শাস্তি দিতাম। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদে তোমরা উচ্চস্বরে কথা বলছো। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪৭০, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ২০২৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সাহাবী সায়িব ইবনু ইয়াযীদ বলেন, আমি মসজিদে ঘুমিয়ে ছিলাম অন্য বর্ণনা মতে শুয়ে ছিলাম। এমন সময় এক ব্যক্তি আমাকে লক্ষ্য করে ছোট পাথর বা কঙ্কর নিক্ষেপ করলে জেগে উঠে দেখি কঙ্কর নিক্ষেপকারী হলেন 'উমার ইবনুল খাত্ত্বাব (রাঃ)। অতঃপর তিনি সায়িবকে লক্ষ্য করে বললেন, যাও, এই দুই ব্যক্তিকে আমার নিকট নিয়ে আসো। সায়িব তাদেরকে 'উমার (রাঃ)-এর নিকট নিয়ে আসলে তিনি তাদেরকে জিজ্ঞেস করলেন, তোমরা কোন্ গোত্রের কোন্ দলের? অথবা তোমরা কোন শহর থেকে এসেছো? তারা বলল "আমরা ত্বায়িফের



অধিবাসী" এ কথা শুনে তিনি বললেন, যদি তোমরা মদীনার অধিবাসী হতে তাহলে আমি তোমাদেরকে নিশ্চয় কঠোর শাস্তি দিতাম। আর তখন তোমাদের কোন অজুহাত গ্রহণযোগ্য হতো না। এর দ্বারা প্রমাণ হয় যে, কোন বিধান সম্পর্কে অজ্ঞতা বা জানা না থাকা একটি গ্রহণযোগ্য অজুহাত।

ইমাম ত্বীবী বলেন, মদীনাবাসী রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদের সম্মান বা মর্যাদা সম্পর্কে অন্যদের থেকে অধিকতর অবহিত ছিল। তাই বিদেশীদের প্রতি যেভাবে ক্ষমা বা উদারতা, সহিষ্ণুতা প্রদর্শন করা হবে না। এখানে উহ্য প্রশ্ন "কেন আপনি আমাদের শাস্তি দিবেন?" এর উত্তরে 'উমার (রাঃ) বলেন, কারণ তোমরা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদে তোমাদের আওয়াজকে উচ্চ করছো। এ মসজিদের মর্যাদা বেশি হওয়ার কারণ হলো তাঁর ঘর এর সাথেই সংযুক্ত ছিল। মসজিদে উচ্চৈঃস্বরে কথা বৈধতা ও অবৈধতার ব্যাপারে দুই পক্ষেরই হাদীস পাওয়ার প্রেক্ষিতে কেউ কেউ বলেছেন যে, মসজিদে উচ্চৈঃস্বরে কথা বলা নিষিদ্ধ হওয়ার হাদীসসমূহ দ্বারা উচ্চৈঃস্বরে অশ্লীল কথা বলা বুঝানো হচ্ছে। আর বৈধতার হাদীস দ্বারা অশ্লীল নয় এমন কথা উচ্চৈঃস্বরে বলা বুঝানো হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন